# রেড অর্কেস্ট্রা

রেড অর্কেস্ট্রা ট্যাক্টিক্যাল স্কোয়াড বেজড ফার্স্ট পারসন শুটিং, যার জন্য স্ট্র্যাটেজিক শুটিং গেমাররা সচরাচর বহুদিন অপেক্ষা করে থাকেন একটি মানসম্পন্ন গেম রিলিজের জন্য। এতটুকু বলা যায়, পৃথিবীর অন্য যেকোনো স্ট্র্যাটেজিক শুটিং গেমের মতোই বিশাল যুদ্ধক্ষেত্র ছাড়াও রেড অর্কেস্ট্রাতে আছে টানটান উত্তেজনা, অদ্ভুত নাটকীয়তা আর অবশ্যই রক্তক্ষয়। যদিও সত্যিকারের নয়। তবে যাই হোক না কেন, এই সিরিজের প্রথম এই গেমটি গেমারকে নিয়ে যাবে বাস্তবতার অনেকখানি কাছাকাছি আর দেবে পরবর্তী অনন্যসাধারণ গেমগুলো খেলার দুর্দমনীয় উৎসাহ। দুর্দান্ত স্ট্র্যাটেজিক শুটিং গেম আবহের গ্রাফিক্স আর অনেকটাই বাস্তব শব্দকৌশল গেমারকে গেমিংয়ের অপূর্ব সমন্বয়কে জীবন্ত করে



তুলবে। আছে অটোমেটিক, সেমি অটোমেটিক সব ধরনের অস্ত্রের জোগান রেড অর্কেস্ট্রাতে। কিন্তু শুধু সেগুলোর আশায় বসে থাকলে হবে না, মৃত্যুর জন্য একটা গুলিই যথেষ্ট।

রেড অর্কেস্ট্রা পুরোটাই এমন এক প্রণোদনা, যেখানে গেমার প্রতিমুহূর্তে যুদ্ধক্ষেত্রকে, যুদ্ধকে অনুভব করবে নিজের প্রতিটি রক্তকণিকায়। সামনে থেকে ছুটে আসা গুলিকে মনে হবে যেন নিজের কানের পাশ দিয়েই শিষ কেটে গেল। এখন এটা বলার অপেক্ষা রাখে না, রেড অর্কেস্ট্রা খেলতে সবচেয়ে বেশি যা প্রয়োজন তা হচ্ছে ধৈর্য। অপেক্ষা করতে হবে প্রতিটি সতর্ক মুহূর্তের মাঝে প্রতিটি অসতর্কতার। সুযোগ বুঝে আঘাত হানতে হবে সবচেয়ে কঠিন রক্ষাব্যূহের সবচেয়ে দুর্গম কিন্তু মোলায়েম জায়গায়। স্টালিনগ্রাদের পর জাপানিজ আর আমেরিকানদের দ্রুত উত্তরণের পর দুই পরাশক্তির মনস্তত্ত্ব নিয়ে তৈরি হয়েছে রেড অর্কেস্ট্রা। অপ্রত্যাশিত না হলেও আচমকা অনেক কিছুর সাথে লড়াই করে টিকে থাকতে হবে গেমারকে, আর সেখানেই জীবনের উদ্যম। সিরিজের পরবর্তী গেমগুলো হচ্ছে রাইজিং স্টর্ম এবং তার একটি এক্সপ্যানশন প্যাক। যারা এই সিরিজের একেবারেই নতুন গেমার, তাদের শুরুর দিকে একটু ঝামেলা হতে পারে গেমিং কন্ট্রোল নিয়ে। কারণ, মাউস হুইল আর স্পেসবার দিয়ে গেমের অনেকখানি চালাতে হবে। আর যদি পুরনো গেমার হয়ে থাকেন, তাহলে নিঃসন্দেহে পুরোপুরি বাস্তব মডেলের অস্ত্র ও আর্সেনাল আপনাকে করবে মন্ত্রমুগ্ধ। সুতরাং অভিজ্ঞ ও অনভিজ্ঞ সব গেমারেরই উচিত হবে লড়াই শুরু করা।

### গেম রিকোয়ারমেন্ট

**উইন্ডোজ :** এক্সপি/ভিসতা/৭, **সিপিইউ :** কোর টু কোয়াড ২.২ গিগাহার্টজ/এএমডি অ্যাথলন, **র‌্যাম :** ৪ গিগাবাইট উইন্ডোজ এক্সপি/৪ গিগাবাইট উইন্ডোজ ভিসতা/৭, **ভিডিও কার্ড :** ২ গিগাবাইট উইথ পিক্সেল শেডার, সাউন্ড কার্ড, কিবোর্ড ও মাউস কজ

# অ্যাসাসিন্স ক্রিড ইউনিটি

ফরাসি বিপ্লব (ফরাসি : Révolution française) (১৭৮৯–১৭৯৯)। ফ্রান্স, ইউরোপ ও পশ্চিমা সভ্যতার ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা। এ বিপ্লবের সময় ফ্রান্সে নিরঙ্কুশ রাজতন্ত্র বিলুপ্ত হয়ে প্রজাতান্ত্রিক আদর্শের অগ্রযাত্রা শুরু হয় এবং একই সাথে দেশের রোমান ক্যাথলিক চার্চ সব গোঁড়ামি ত্যাগ করে নিজেকে পুনর্গঠন করতে বাধ্য হয়। ফরাসি বিপ্লবকে পশ্চিমা গণতন্ত্রের ইতিহাসে একটি জটিল সন্ধিক্ষণ হিসেবে চিহ্নিত করা হয়, যার মাধ্যমে পশ্চিমা সভ্যতা নিরঙ্কুশ রাজনীতি এবং অভিজাততন্ত্র থেকে নাগরিকত্বের যুগে পদার্পণ করে।

ফরাসি বিপ্লবের মূলনীতি ছিল 'Liberté, égalité, fraternité, ou la mort! ।' অর্থাৎ 'স্বাধীনতা, সমতা, ভ্রাতৃত্ব অথবা মৃত্যু।' এই স্লোগানটিই বিপ্লবের চালিকাশক্তিতে পরিণত হয়েছিল, যার মাধ্যমে সামরিক এবং অহিংস উভয়বিধ পদ্ধতি অনুসরণের মাধ্যমে পশ্চিমা বিশ্বে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়। এই স্লোগানটি তখন সব কর্মীর প্রাণের কথায় পরিণত হয়েছিল। ফরাসি বিপ্লবের রাজনৈতিক ও আর্থ-সামাজিক প্রকৃতিকে ইতিহাসবিদেরা স্বীকার করেন না। কারণ সম্বন্ধে একটি ধারণায়



বলা হয় : অ্যানসিয়েন সরকারের প্রাচীন অভিজাত নীতি ও আইনসমূহ একটি উদীয়মান বুর্জোয়াতন্ত্রের উচ্চাভিলাষের খোরাক জোগাতে শুরু করে, যা আলোকসম্পাতের দ্বারা ছিল ব্যাপকভাবে আক্রান্ত। এই বুর্জোয়ারা শহরের বিশেষত প্যারিস ও লিওনের চাকরিজীবী এবং অত্যাচারিত চাষি শ্রেণীর সাথে মিত্রতা সৃষ্টি করে। আরেকটি ধারণা অনুসারে অনেক বুর্জোয়া এবং অভিজাত মহল রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্কারের চেষ্টা করতে থাকে, যা পরবর্তী সময়ে চাকরিজীবী শ্রেণীর আন্দোলনগুলোর সাথে একাত্ম হয়ে যায়। ফ্রান্সের সম্রাট লুই ১৬ (রাজত্বকাল : ১৭৭৪-১৭৯২) যখন রাজকীয় অর্থের সঙ্কটে পড়েন, তখনই বৈপ্লবিক সঙ্কটকাল শুরু হয়। অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিতে দেখলে বলতে হয়, ফরাসি রাজের শোধক্ষমতা (solvency) ছিল ফরাসি রাষ্ট্রের শোধক্ষমতার সমমানের। ফরাসি রাজ বিপুল পরিমাণ ঋণের ফাঁদে পড়েছিল, যা তদানীন্তন অর্থ সঙ্কটের সৃষ্টি করে। আর এ থেকেই সূত্রপাত হয় ফরাসি বিপ্লবের।

অ্যাসাসিন্স ক্রিড ইউনিটি তৈরি করা হয়েছে ফরাসি বিপ্লবের এই ইতিহাসের ওপর ভিত্তি করে। যারা অ্যাসাসিন্স ক্রিডের নিয়মিত গেমার, তাদেরকে এই ফ্র্যাঞ্চাইজকে নিয়ে নতুন করে কিছু বলার নেই। সামনে মুক্তি পাওয়া গেমটির স্টোরিলাইন বলে গেমারদের চমককে দেব না। সম্পূর্ণ নতুন গেমিং ইঞ্জিনে বাস্তিল দুর্গ থেকে শুরু করে পুরো ফ্রান্সকেই এক অনাদি স্বপ্ন বলে মনে হবে। তাই গেমাররা ফুল ড্রিল গেমিং ও ব্রেইন প্র্যাকটিসের জন্য নিয়ে বসুন অ্যাসাসিন্স ক্রিড ইউনিটি, আর খুঁজে ফিরুন এক কিংবদন্তিকে।

### গেম রিকোয়ারমেন্ট

**উইন্ডোজ :** এক্সপি/ভিসসা/৭, **সিপিইউ :** কোর টু কোয়াড ২.২ গিগাহার্টজ/এএমডি অ্যাথলন, **র‌্যাম :** ৪ গিগাবাইট উইন্ডোজ এক্সপি/৪ গিগাবাইট উইন্ডোজ ভিসতা/৭, **ভিডিও কার্ড :** ২ গিগাবাইট উইথ পিক্সেল শেডার, সাউন্ড কার্ড, কিবোর্ড ও মাউস কজ

## ডিভাইনিটি : অরিজিনাল সিন

ডিভাইনিটি : অরিজিনাল সিন খেলা শুরু করার অর্থই নতুন করে রোল প্লেয়িং গেমের প্রেমে পড়া। কারণ, রোল প্লেয়িং ঘরানার এই অনন্যসাধারণ গেমটি নতুন রিলিজ হওয়ার পরপরই জয় করে নিয়েছে সহস্র গেমারের মন। ব্যান্ডারস গেমস ও পাইসকেপ টরমেন্টের যৌথ উদ্যোগে করা গেমটি রোল প্লেয়িংয়ের ওপর এনে দিয়েছে নতুন মাত্রা। ডিভাইনিটি : অরিজিনাল সিনকে অন্য যেকোনো রোল প্লেয়িং গেম থেকে খুব সহজেই আলাদা করা যায়। কারণ, এতে রয়েছে অবাধ চলাচলের স্বাধীনতা আর অনন্যসাধারণ কী কনফিগারেশন। সম্পূর্ণ ফ্রি মোড গেম হওয়া সত্ত্বেও গেমারের যেকোনো সিদ্ধান্ত গেমের ঘটনাপ্রবাহকে বাধাগ্রস্ত করে না। অস্ত্র এবং বিভিন্ন প্রকারের জাদুর ক্রাফটিং গেমারকে দেয় সর্বোচ্চ ক্রাফটিং সুবিধা, যা নেভাউইন্টার নাইটস বা ওয়ারিয়রস অব অরচির মতো গেমগুলোকেও ছাড়িয়ে গেছে। গেমটির শুরুতে বিভিন্ন শ্রেণী, জাতি, পাওয়ার ট্রেন্ডের মধ্য থেকে নিজস্ব চরিত্র নির্ধারণ করে নিতে হয়। এতে রয়েছে ইচ্ছেমতো ক্যামেরা নিয়ন্ত্রণ এবং চলাচলের সুবিধা। গেমার সম্পূর্ণ ম্যাপে ইচ্ছেমতো বিচরণ করতে পারবেন শুধু একটি শর্তে– বেঁচে থাকতে হবে। গেমারের ইচ্ছের প্রতি সর্বোচ্চ মনোযোগ দেয়া হয়েছে। গেমার সম্পূর্ণ ম্যাপে যেখানে খুশি সেখানে যা ইচ্ছে তা-ই পর্যবেক্ষণ এবং নিরীক্ষণ করতে পারবেন। চিরায়ত রোল প্লেয়িং গেমের ঘটনাপ্রবাহের সাথে যখন অত্যাধুনিক গ্রাফিক্স এবং মনোরম গেমিং পরিবেশ ও শব্দশৈলী একাকার হয়ে যায়, তখন গেম ছেড়ে উঠে পড়া সত্যিই অসম্ভব হয়ে ওঠে।





ঘটনাপ্রবাহ কখনও হয়ে উঠতে পারে ভয়াবহ, কখনও শিক্ষণীয়, কখনও অদ্ভুতুড়ে কিংবা কখনও ভয়ঙ্কর যুদ্ধে রূপ নিতে পারে। দখল করে নিতে হবে যা নিজের, কর্তব্যে হতে হবে ইস্পাতদৃঢ়। জন্ম দিতে হবে নতুন ধারণার, নিতে হবে নতুন পন্থা, যুঝতে হবে নতুন কৌশলে। তাই সব মিলিয়ে এর বিস্তৃতিও কাউকে নিরাশ করবে না। শুধু একটা ভুল দরজায় কড়া নাড়াও তৈরি করতে পারে নতুন শত্রু। প্রতিটি পদক্ষেপ নিখুঁত হতে হবে এমন কোনো কথা নেই। কারণ, আচমকা এসে হতভম্ব করে দেয়ার ঘটনা না ঘটলে গেমের আর বিনোদন কোথায়। গেমারকে সবসময় লক্ষ রাখতে হবে– কার সাথে রয়ে যাওয়া ক্ষয়িষ্ণু জীবনের বাকি পথটুকু চলা সহজ হবে। গেমটিতে তুলে আনা হয়েছে রিয়ালিজম (বাস্তববাদ) এবং অসম্ভব সুন্দর ক্যারিকেচার, যা দিয়ে চরিত্রগুলোকে জীবন্ত করে ফুটিয়ে তোলা হয়েছে। সাথে আছে সিগনেচার– হেভি এবং রাউন্ডেড মুভমেন্টস, যা কি না সবচেয়ে অনাহূত চরিত্রকেও আকর্ষণীয় করে তোলে। গেমটির দ্বিতীয় আকর্ষণ হচ্ছে এর স্টোরিলাইন ও প্লটিং। সব মিলিয়ে গেমটির স্টোরিলাইন সম্পর্কে যা বলার আছে, তা সব গেমারের জন্যই তোলা থাক। কারণ, এত মজাদার স্টোরিলাইন গেমিং ইন্ডাস্ট্রিতে খুব কমই পাওয়া যায়। ফাইনাল ফ্যান্টাসি গেমারদের অনেক দিনের পার্সোনালাইজড রোল প্লেয়িং গেমিংয়ের স্বাদ পূরণ করার জন্য অরিজিনাল সিনের কোনো তুলনা হয় না। আর ক্রাই ইঞ্জিন বা ইগনাইট ইঞ্জিনের গেমের যুগে হয়তো এখনকার রোল প্লেয়িং ঘরানার গেমগুলো বেশ অদ্ভুতুড়েই লাগবে। কিন্তু তারপরও পুরনো ঘরানার গেম খেলতে মন্দ লাগবে না।

### গেম রিকোয়ারমেন্ট

**উইন্ডোজ :** এক্সপি/ভিসতা/৭, **সিপিইউ :** কোর টু কোয়াড ২.২ গিগাহার্টজ/এএমডি অ্যাথলন, **র‌্যাম :** ৪ গিগাবাইট উইন্ডোজ এক্সপি/৪ গিগাবাইট উইন্ডোজ ভিসতা/৭, **ভিডিও কার্ড :** ২ গিগাবাইট উইথ পিক্সেল শেডার, সাউন্ড কার্ড, কিবোর্ড ও মাউস কজ